গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৮৫/২০১৮-১৯
ঢাকা, সোমবার ২৯ অক্টোবর ২০১৮, ১৪ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রপ্তানি আয় বাড়াতে পণ্যের নতুন বাজার খোঁজার ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

২। শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স উদ্বোধন
পাহাড়ে আর কোনো সংঘাত চাই না : প্রধানমন্ত্রী

৩। জাতীয় সংসদে চারটি বিল পাস

৪। সড়কে নৈরাজ্যরোধে কঠোর হবে সরকার : অর্থমন্ত্রী

৫। ভিক্ষুকদের পুনর্বাসনে তিন কোটি টাকা : সংসদে সমাজকল্যাণ মন্ত্রী

৬। ঝুঁকিপূর্ণ ২৫৫টি ভবনের ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে : সংসদে গৃহায়নমন্ত্রী

৭। এ মুহূর্তে সড়ক পরিবহণ আইন পরিবর্তনের কোনো সুযোগ নেই : সেতুমন্ত্রী

৮। তারেক রহমানকে রাজনীতিতে পুনর্বাসনের জন্যই ড. কামালের ৭ দফা : তথ্যমন্ত্রী

৯। আইন করে কোচিং বাণিজ্য বন্ধ করতে হবে : শিক্ষামন্ত্রী

১০। ডিজিটাল নিরাপত্তা আইন আর সংশোধন হবে না : আইনমন্ত্রী

১১। দেশে ১০১টি আধুনিক থানা ভবন নির্মাণ করা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

১২। জয় বাংলা ইয়ুথ অ্যাওয়ার্ড পেল ৩০ সংগঠন
আত্মবিশ্বাস ধরে রাখতে হবে তরুণদের : তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা

১৩। নারীদের স্তন ক্যান্সার থেকে পরিত্রাণ পেতে সচেতন হতে হবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১৪। ভাতা বিতরণে স্বচ্ছতা বাড়াতে বিশ্বব্যাংকের ৩০ কোটি মার্কিন ডলার ঋণ

১৫। দুধ উৎপাদনে ৪ শতাংশ সুদে ঋণ পাবেন উদ্যোক্তারা : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

চলমান পাতা-২

১। **রপ্তানি আয় বাড়াতে পণ্যের নতুন বাজার খোঁজার ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর**

রপ্তানি আয় বাড়াতে পণ্যের বহুমুখীকরণের পাশাপাশি নতুন বাজার খোঁজার ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া দেশকে এগিয়ে নিতে সবাইকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান তিনি। এক্ষেত্রে ব্যবসায়ীদের সহযোগিতা চেয়েছেন তিনি। গতকাল (২৮ অক্টোবর রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ঢাকা চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ আয়োজিত 'ডেস্টিনেশন বাংলাদেশ' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, আমরা শিল্পের বহুমুখীকরণ করতে চাই। কোন অঞ্চলে কোন পণ্যের উৎপাদন বেশি, কী ধরনের বাজার চাহিদা আছে দেশে-বিদেশে সেটা বিবেচনায় নিয়েই আমাদের শিল্পায়ন করতে হবে, উৎপাদন করতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

২। **শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স উদ্বোধন**
পাহাড়ে আর কোনো সংঘাত চাই না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা পার্বত্য চট্টগ্রামে আর কোনো সংঘাতময় পরিস্থিতি চাই না। আমরা চাই এ অঞ্চলের জনগণ যেন ভালো থাকে এবং এখানে শান্তি বজায় থাকে। গতকাল (২৮ অক্টোবর রোববার) রাজধানীর বেইলি রোডে 'শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স' উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, শান্তিপূর্ণ পরিবেশ না থাকলে উন্নয়ন করা যায় না। এ কথাটা মনে রাখতে হবে। আজকে বাংলাদেশে যে আর্থসামাজিক উন্নয়ন হচ্ছে, তার কারণ শান্তিপূর্ণ পরিবেশ। এটা বজায় থাকলেই উন্নয়ন ত্বরান্বিত হয়। তিনি বলেন, এ ধরনের উন্নয়নের মাধ্যমেই আমরা বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে পারব। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৩। **জাতীয় সংসদে চারটি বিল পাস**

আইন লঙ্ঘনে দুই বছরের সাজা ও এক লাখ টাকা জরিমানার বিধান রেখে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট বিলসহ মোট চারটি বিল পাস হয়েছে। গতকাল (২৮ অক্টোবর রোববার) জাতীয় সংসদে এসব বিল পাস হয়। পাসকৃত অপর তিনটি বিল হলো-বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বিল, ২০১৮, মৎস্য সঙ্গনিরোধ বিল, ২০১৮ এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট বিল, ২০১৮। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.৫,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

৪। **সড়কে নৈরাজ্যরোধে কঠোর হবে সরকার : অর্থমন্ত্রী**

সড়ক পরিবহণ শ্রমিকদের চলমান ধর্মঘটের বিষয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, কোনো ধরনের নৈরাজ্য সৃষ্টির চেষ্টা সফল হতে দেবে না সরকার। এজন্য যতটুকু কঠোর হওয়া প্রয়োজন, সরকার ততটুকু কঠোর হবে। নৈরাজ্যের প্রচেষ্টা যে কোনো পরিস্থিতিতে সরকার নিয়ন্ত্রণ করবে। গতকাল (২৮ অক্টোবর রোববার) সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সাধারণ বীমা করপোরেশনের কর্তৃক লভ্যাংশ হস্তান্তর অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। গতকাল অর্থমন্ত্রীর নিকট সাধারণ বীমা করপোরেশনের লভ্যাংশ বাবদ ৪০ কোটি টাকা হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে অর্থমন্ত্রী বলেন, সরকার ব্যবসা করতে পারে না, এ ধরনের মন্তব্য ঠিক নয়। সাধারণ বীমা করপোরেশন তার উজ্জ্বল দৃষ্টান্ত। তারা ২০১৭ সালের লভ্যাংশ বাবদ ৪০ কোটি টাকার ডিভিডেন্ড সরকারের তহবিলে জমা দিলো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৬), **নিউ এজ** (শেষ পৃ,ক.২)।

৫। **ভিক্ষুকদের পুনর্বাসনে তিন কোটি টাকা : সংসদে সমাজকল্যাণ মন্ত্রী**

সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান শীর্ষক কর্মসূচির আওতায় দেশের ভিক্ষুকদের পুনর্বাসন করার লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছরে বাজেটে তিন কোটি টাকা বরাদ্দ রাখা হয়। ইতোমধ্যে উক্ত অর্থ ভিক্ষুকদের বিকল্প কর্মসংস্থানের জন্য ৫৮টি জেলায় প্রেরণ করা

হয়েছে। গতকাল (২৮ অক্টোবর রোববার) জাতীয় সংসদ অধিবেশনে লিখিত প্রশ্নোত্তরে তিনি এ তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তরের আওতায় সারাদেশে শান্তি নিবাস (বৃদ্ধাশ্রম) এর সংখ্যা ৬টি। আশ্রমগুলো ঢাকা বিভাগের ফরিদপুর, খুলনা বিভাগের বাগেরহাট এবং চট্টগ্রাম, সিলেট,

বরিশাল ও রাজশাহী জেলায় অবস্থিত। বৃদ্ধাশ্রমগুলোর প্রতিটিতে ৫০ জন করে সর্বমোট ৩০০ জন প্রবীণ থাকার ব্যবস্থা আছে। তিনি আরো জানান, সমাজসেবা অধিদপ্তরের আওতায় সারাদেশে ৮৫টি শিশু পরিবারে প্রতিটিতে ১০ জন করে প্রবীণ থাকার ব্যবস্থা রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.৪)।

৬। ঝুঁকিপূর্ণ ২৫৫টি ভবনের ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে : সংসদে গৃহায়নমন্ত্রী

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, রাজধানীতে রাজউক কর্তৃক ৩২১টি ঝুঁকিপূর্ণ ভবন শনাক্ত করা হয়েছে। এর মধ্যে ২৮টি ভবন মালিকপক্ষ পুনঃনির্মাণ করেছেন। অবশিষ্ট ভবনগুলো মালিকপক্ষ ভেঙ্গে ফেলেছেন। বিদ্যমান ২৫৫টি ঝুঁকিপূর্ণ ভবন বিশেষজ্ঞ কর্তৃক চূড়ান্তভাবে শনাক্তকরণপূর্বক ভবন মালিকদের সঙ্গে আলোচনা করে ভাঙ্গা/অপসারণের ব্যবস্থা নেওয়া হচ্ছে। গতকাল (২৮ অক্টোবর রোববার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের লিখিত জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৪)।

৭। এ মুহূর্তে সড়ক পরিবহণ আইন পরিবর্তনের কোনো সুযোগ নেই : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ শ্রমিকদের ধর্মঘট প্রত্যাহারের আহ্বান জানিয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, এ মুহূর্তে সড়ক পরিবহণ আইন পরিবর্তন করে শ্রমিকদের দাবি মেনে নেওয়া সম্ভব নয়। সেজন্য পরবর্তী পার্লামেন্ট পর্যন্ত অপেক্ষা করতে হবে। তাই ধর্মঘট প্রত্যাহার করুন, মানুষকে কষ্ট দিয়ে কোনো লাভ নেই। এর মধ্যে কোনো ন্যায়সংগত বিষয় থাকলে পরে আলোচনার মাধ্যমে বিবেচনা করা হবে বলে জানান তিনি। গতকাল (২৮ অক্টোবর রোববার) রাজধানীর সেতুভবনে বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতের সঙ্গে সাক্ষাৎশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

৮। তারেক রহমানকে রাজনীতিতে পুনর্বাসনের জন্যই ড. কামালের ৭ দফা : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, খালেদা জিয়া ও তারেক রহমানকে দেশের রাজনীতিতে পুনর্বাসনের জন্যই ড. কামাল হোসেনের জাতীয় ঐক্যফ্রন্ট সাত দফা দাবি দিয়েছে। গতকাল (২৮ অক্টোবর রোববার) বগুড়ার নন্দীগ্রাম মনসুর হোসেন ডিগ্রি কলেজ মাঠে উপজেলা জাসদের আয়োজনে এক নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

৯। আইন করে কোচিং বাণিজ্য বন্ধ করতে হবে : শিক্ষামন্ত্রী

আইন করেই কোচিং বাণিজ্য বন্ধ করতে হবে মন্তব্য করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এজন্য শিক্ষা আইন তৈরি করা হচ্ছে। দেশের অনেক বুদ্ধিজীবী ও স্টেকহোল্ডারদের (অংশীজন) মতামত নেওয়া হচ্ছে। এ আইনটি অনেক বড় বিষয়। এজন্য মন্ত্রিসভা ও সংসদে আরো আলোচনা করা উচিত। মন্ত্রী গতকাল (২৮ অক্টোবর রোববার) সচিবালয়ে শিক্ষাবিষয়ক রিপোর্টারদের সংগঠন বাংলাদেশ এডুকেশন রিপোর্টার্স ফোরামের প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময়কালে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক,৭), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

১০। ডিজিটাল নিরাপত্তা আইন আর সংশোধন হবে না : আইনমন্ত্রী

আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী আনিসুল হক বলেছেন, ডিজিটাল নিরাপত্তা আইন আর সংশোধন হবে না। এ আইন সংবাদপত্রের স্বাধীনতা ও বাকস্বাধীনতার অধিকার খর্ব করার জন্য করা হয়নি। এটা করা হয়েছে শুধুমাত্র সাইবার নিরাপত্তা বজায় রাখার জন্য। সেক্ষেত্রে আইন যেটা হয়েছে, তাতে অনুসন্ধানী সাংবাদিকতা বা সংবাদপত্রের স্বাধীনতা কোনোটাই ব্যাহত হবে না। গতকাল (২৮ অক্টোবর রোববার) ঢাকায় বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে সদ্য যোগ দেওয়া বিচারকদের ওরিয়েন্টেশন কোর্সের

উদ্বোধনশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

১১। দেশে ১০১টি আধুনিক থানা ভবন নির্মাণ করা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন বলেছেন, ঐক্যের নামে কোনো ষড়যন্ত্র করে নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি করতে দেওয়া হবে না। আমাদের আইনশৃঙ্খলা বাহিনী অত্যন্ত সজাগ আছে। আইনশৃঙ্খলা বাহিনী অত্যন্ত দক্ষ ও বিচক্ষণতার সাথে কাজ করছে। সব ধরনের পরিস্থিতি মোকাবিলা করতে তারা তৈরি আছে।

গতকাল (২৮ অক্টোবর রোববার) নওগাঁর পত্নীতলা থানার নতুন ভবন নির্মাণকাজের উদ্বোধনশেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি এ কথা বলেন। মন্ত্রী আরো বলেন, আগামী ৫০ বছরে যাতে হাত দিতে না হয় এ জন্য দেশে ১০১টি আধুনিক থানা ভবন নির্মাণ করা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

১২। জয় বাংলা ইয়ুথ অ্যাওয়ার্ড পেল ৩০ সংগঠন
আত্মবিশ্বাস ধরে রাখতে হবে তরুণদের : তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা

তরুণদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, বর্তমানে যে উন্নয়ন ও আত্মবিশ্বাস দেখা যাচ্ছে, সেটি এমনি এমনি আসেনি। আওয়ামী লীগ কাজের মধ্য দিয়ে তা সৃষ্টি করেছে। আপনারাও এ আত্মবিশ্বাস ধরে রাখবেন। পিছিয়ে থাকবেন না। সমাজ পরিবর্তনে বিভিন্ন শাখায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য দেশের নানা প্রান্তের তরুণদের ৩০টি সংগঠনের হাতে 'জয় বাংলা ইয়ুথ অ্যাওয়ার্ড' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশনের তরুণদের প্ল্যাটফর্ম 'ইয়াং বাংলা'র আয়োজনে গতকাল (২৮ অক্টোবর রোববার) সাভারের শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে এ পুরস্কার প্রদান করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৩)।

১৩। নারীদের স্তন ক্যান্সার থেকে পরিত্রাণ পেতে সচেতন হতে হবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, স্তন ক্যান্সার বর্তমানে নারীদের জন্য একটি ঝুঁকিপূর্ণ স্বাস্থ্য সমস্যা। এ সমস্যা থেকে পরিত্রাণ পেতে নিজেকে সচেতন হতে হবে। একইসঙ্গে নিয়মিত চিকিৎসকের শরণাপন্ন হতে হবে। এ রোগের ঝুঁকি এড়াতে তিনি সব মাকে সন্তানকে নিয়মিত বুকের দুধ খাওয়ানোর পরামর্শ দেন। গতকাল (২৮ অক্টোবর রোববার) রাজধানীর বেইলি রোডের বেগম ফজিলাতুন নেছা মুজিব মিলনায়তনে আয়োজিত এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্তন ক্যান্সার বিষয়ে নারীদের সচেতন করার লক্ষ্যে এ সভার আয়োজন করে জাতীয় মহিলা সংস্থা। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮)।

১৪। ভাতা বিতরণে স্বচ্ছতা বাড়াতে বিশ্বব্যাংকের ৩০ কোটি মার্কিন ডলার ঋণ

সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় সুবিধাবঞ্চিত মানুষের কাছে আর্থিক সহায়তা পৌঁছে দেওয়ার প্রকল্পে ৩০ কোটি মার্কিন ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক। বর্তমান বিনিময় হার অনুযায়ী এর পরিমাণ আড়াই হাজার কোটি টাকা। গতকাল (২৮ অক্টোবর রোববার) রাজধানীর অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সম্মেলনকক্ষে বিশ্বব্যাংকের সঙ্গে এ বিষয়ে চুক্তি স্বাক্ষর করে সরকার। বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফান এবং ইআরডি'র অতিরিক্ত সচিব মাহমুদা বেগম চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৪)।

১৫। দুধ উৎপাদনে ৪ শতাংশ সুদে ঋণ পাবেন উদ্যোক্তারা : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

দেশে দুধ উৎপাদনে নেওয়া ঋণের সুদের হার কমিয়েছে বাংলাদেশ ব্যাংক। আগামী ১ নভেম্বর থেকে দুধ উৎপাদনে গ্রাহকরা ৪ শতাংশ সুদে ঋণ নিতে পারবেন। গতকাল (২৮ অক্টোবর রোববার) বাংলাদেশ ব্যাংক এ

সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮), **সমকাল** (পৃ.১২,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশে প্রথমবারের মতো চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ঢাকার পূর্বাচলে 'টিচিং অ্যান্ড ট্রেনিং পেট হসপিটাল অ্যান্ড রিসার্চ সেন্টার' নামে একটি পোষ্যপ্রাণী হাসপাতাল নির্মাণের উদ্যোগকে সাধুবাদ জানিয়ে অবিলম্বে তা বাস্তবায়নের প্রত্যাশা।

খ. **ইনকিলাব :** আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইনবিধি লংঘন করে অনেক প্রাইভেট ব্যাংক ও প্রভাবশালী ব্যক্তি সশস্ত্র প্রহরী নিয়োগ দিয়েছে এমন অভিযোগ পাওয়া যাচ্ছে উল্লেখ করে আইন লংঘনকারীদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** গত অর্থবছরে দেশের ওষুধ রপ্তানি ১০০ মিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে গিয়েছিল এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় সন্তোষ প্রকাশ করে সম্ভাবনাময় এ খাতের অধিকতর উন্নয়নে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **বণিক বার্তা :** শিল্প কারখানার বিপদজ্জনক বর্জ্যের অব্যবস্থাপনায় শ্যামপুর বিসিক এলাকার মানুষ দীর্ঘদিন ধরে করুণ জীবনযাপন করছে উল্লেখ করে শ্যামপুরের সাথে সাথে দেশের বিভিন্ন স্থানের কারখানায় সঠিক বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার সুপারিশ।

ঙ. **সংবাদ, যায়যায়দিন, নিউজ টুডে, অবজারভার, ডেইলি সান :** পরিবহণ শ্রমিকদের আকস্মিক ধর্মঘটের কারণে সৃষ্ট অচলাবস্থায় সাধারণ মানুষের পাশাপাশি সামগ্রিকভাবে জাতীয় অর্থনীতিও ক্ষতিগ্রস্ত হচ্ছে উল্লেখ করে অবিলম্বে ধর্মঘট প্রত্যাহারের দাবি।

চ. **নিউ নেশন :** চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩৫ করার দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা শাহবাগে অবস্থান করছে উল্লেখ করে পর্যাপ্ত কর্মসংস্থান বাড়ানোর সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** টাঙ্গাইলের ঘাটাইল ও মধুপুর উপজেলার ১৫ গ্রামের মানুষ একটি ব্রিজের দু'পাশে সংযোগ সড়কের অভাবে অবর্ণনীয় দুর্ভোগ পোহাচ্ছে উল্লেখ করে সারাদেশে এ ধরনের সংযোগ সড়কহীন ব্রিজের ব্যাপারে ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

আলোকিত বাংলাদেশ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষাকে দারিদ্র্য দূরীকরণের মাধ্যম হিসেবে ব্যবহার করতে হলে একইসঙ্গে শিক্ষার পরিমাণগত মাত্রা, শিক্ষার বিশেষ ধরন এবং শিক্ষার গুণগত মান এ তিনটি দিকেই ভারসাম্যপূর্ণ উন্নয়ন অর্জন করতে হবে।

নিবন্ধ ও ফিচার

বণিক বার্তা পত্রিকায় প্রকাশিত, **'বায়ুদূষণ হ্রাসে বিকল্প ইট তৈরিতে জোর দেয়া প্রয়োজন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ইটভাটাগুলোতে বায়ুশোধন যন্ত্রপাতি ব্যবহার বাধ্যতামূলক করে আইন সংশোধন এবং তা কঠোরভাবে প্রয়োগ করলে দূষণের পরিমাণ উল্লেখযোগ্যভাবে কমবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা